



NEW YORK CITY DEPARTMENT OF CORRECTION

পরামর্শ ও সমাজসেবা ইউনিট

প্রতিটি আবাসন ইউনিটে একজন সহযোগী সংশোধনমূলক পরামর্শদাতা বা "সমাজসেবা" পরামর্শদাতা নিযুক্ত থাকবেন। আপনি যে আবাসন ইউনিটে বসবাস করেন তার ধরন অনুযায়ী আপনার জন্য নিযুক্ত পরামর্শদাতা আপনার আবাসন ইউনিট যেখানেই থাকুক না কেন সেখানে সপ্তাহে এক (1) থেকে পাঁচ (5) বার সর্বাধিক 1-ঘন্টা সময়ের জন্য আসবেন। তারা বিভিন্ন ধরনের সামাজিক পরিষেবা প্রদান করেন এবং আপনার ইউনিটে উপলব্ধ কর্মসূচি সম্পর্কিত আপনার কোনো প্রশ্ন থাকলে তার উত্তর দিতে সমর্থ হবেন। আপনার ইউনিটের ভিত্তিতে, আপনি গ্রুপ-ভিত্তিক কর্মসূচি যেমন ক্রোধ নিয়ন্ত্রণ এবং জীবন দক্ষতার বিষয়গুলি নিয়ে আলোচনা চলাকালীন আপনার পরামর্শদাতার সঙ্গে কাজও করতে পারেন।

নিম্নলিখিত পৃষ্ঠাগুলিতে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলীর ছোট ছোট উত্তর অন্তর্ভুক্ত থাকবে। এই উত্তরগুলিতে আপনি হেফাজতে থাকাকালীন সময়ে আপনার সমাজসেবার পরামর্শদাতা কিভাবে আপনাকে সাহায্য করতে পারবেন তার উদাহরণ অন্তর্ভুক্ত থাকবে।

প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

ব্যক্তিগত জিনিসপত্র

বাড়িতে টাকা পাঠানোর প্রয়োজন আছে?

আপনার পরামর্শদাতা আপনাকে এমন কিছু নথিপত্র দেবেন যার মাধ্যমে আপনি আপনার জেল কমিসারি অ্যাকাউন্ট থেকে সম্প্রদায়ের কোনো পরিবার বা বন্ধুর কাছে টাকা পাঠাতে পারেন। রিকারের ক্যাশিয়ার থেকে চেকটি সংগ্রহ করার অথবা আপনার প্রদান করা স্ট্যাম্প লাগানো খামের মাধ্যমে চেকটি ডাকযোগে পাঠানোর একটি বিকল্প রয়েছে।

আপনার সম্পত্তি বাড়িতে পাঠানোর প্রয়োজন আছে?

DOC-তে আপনার সাথে থাকা আপনার সম্পত্তি সম্প্রদায়ের কোনো পরিবার বা বন্ধুকে দেওয়ার জন্য আপনার পরামর্শদাতা আপনাকে ফর্মটি দিতে পারেন। পেরি ভবন থেকে সম্পত্তি সংগ্রহ করার অথবা সম্পত্তি ডাকযোগে পাঠানোর একটি বিকল্প রয়েছে। আপনি যদি সম্পত্তি ডাকযোগে পাঠানোর সিদ্ধান্ত নেন, তাহলে খরচ বহনের জন্য আপনার কমিসারি অ্যাকাউন্টে আপনার টাকা থাকতে হবে।

NYPD (নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট)-এ থাকা সম্পত্তি সম্পর্কে উদ্বিগ্ন?

যদি আপনার সম্পত্তি NYPD কাস্টডিতে থাকে, তাহলে আপনার NYPD সম্পত্তি অ্যাফিডেভিট করার প্রয়োজন হবে যা লাইব্রেরি দ্বারা নোটারি করাতে হবে। আপনার সম্পত্তি সংগ্রহ করার অনুমোদন আপনি যে ব্যক্তিকে দিয়েছেন তাকে ফর্মটি পৌঁছে দেওয়া আপনার দায়িত্ব। আপনি যদি আপনার রসিদ নম্বর না জানেন, তাহলে আমরা আপনাকে NYPD সম্পত্তির ক্লার্কের ফোন নম্বর দিতে পারি।

আপনার কি কোনো জন্ম প্রমাণপত্রের প্রয়োজন?

আমরা NYC (নিউ ইয়র্ক সিটি)-এর ফি-ছাড়া জন্ম প্রমাণপত্র পেতে সহায়তা করি। যদি আপনি নিউ ইয়র্কের অন্য কোথাও বা ভিন্ন রাজ্যে জন্মগ্রহণ করে থাকেন, তাহলে আমরা আপনাকে আবেদনপত্র দিতে পারি কিন্তু ফি-ছাড়া প্রমাণপত্রের জন্য আবেদন জমা দিতে পারি না। NYC আবেদনকারীদের জন্য, আপনার পরামর্শদাতা আপনাকে আবেদনপত্র দিতে পারেন যেটি আপনাকে পূরণ করতে হবে এবং ল লাইব্রেরিতে নোটারি করাতে হবে। তারপর আপনি ফর্মটি আপনার পরামর্শদাতার কাছে পুনরায় জমা দিতে পারবেন।

আপনার কি কোনো সোশ্যাল সিকিউরিটি কার্ডের প্রয়োজন?

বর্তমানে, আমরা আপনাকে আবেদনপত্রটি পূরণ করার জন্য এবং ডাকযোগে পাঠানোর জন্য দিতে পারি। আমরা আপনার মুক্তি না হওয়া অবধি আপনাকে সোশ্যাল সিকিউরিটি কার্ড পেতে অপেক্ষা করার পরামর্শ দিচ্ছি, কারণ প্রক্রিয়াটি খুব দ্রুত হয়, এবং আপনি সোশ্যাল সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন ভবনে যাওয়ার পর 5 দিনের মধ্যে আপনার কার্ড পেতে পারেন।

আপনার কি কারাবাসের প্রমাণপত্রের প্রয়োজন?

আপনি কাস্টডিতে থাকাকালীন একজন পরামর্শদাতা আপনাকে কারাবাসের প্রমাণপত্র দিতে পারেন। আপনি মুক্তি পাওয়ার পর, আপনি আমাদের কাস্টডিতে কতদিন ছিলেন সেই সময়সীমা বর্ণনা করে ডিপার্টমেন্ট থেকে একটি চিঠি পাওয়ার বিষয়ে অতিরিক্ত তথ্যের জন্য 311 নম্বরে যোগাযোগ করতে পারেন।

পরিবার

আপনার নিকটতম পরিবারের কেউ সম্প্রতি মারা গেছেন?

যদি আপনি কাস্টডিটে থাকাকালীন আপনার নিকটতম পরিবারের কোনো সদস্য মারা যায়, তাহলে আপনার পরামর্শদাতা অস্তোপ্তিক্রিয়ায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করতে আপনাকে প্রয়োজনীয় নথিপত্র দিতে পারেন। সমাজসেবা এই অনুরোধগুলি অনুমোদন করে না, আমরা শুধুমাত্র এগুলি জমা দিতে সাহায্য করি।

আপনার নিকটতম পরিবারের মধ্যে কেউ সংকটপূর্ণ অবস্থায় আছে কি?

যদি আপনি কাস্টডিটে থাকাকালীন আপনার নিকটতম পরিবারের কোনো সদস্য সংকটপূর্ণ অবস্থায় থাকে, তাহলে আপনার পরামর্শদাতা আপনার প্রিয়জনের সাথে শয্যাশায়ী অবস্থায় দেখা করার জন্য অনুরোধ করতে আপনাকে প্রয়োজনীয় নথিপত্র দিতে পারেন। সমাজসেবা এই অনুরোধগুলি অনুমোদন করে না, আমরা শুধুমাত্র এগুলি জমা দিতে সাহায্য করি।

আপনি কি বিয়ে করতে আগ্রহী?

আপনার পরামর্শদাতা আপনার বিবাহের আবেদনপত্র এবং আপনার আবেদনপত্রের প্রক্রিয়াকরণের পরবর্তী ধাপগুলির ব্যবস্থা করতে পারেন। আপনার লাইসেন্স পাওয়ার জন্য আপনার বাগদত্তাকে প্রোজেক্ট কিউপিডের সিটি ক্লার্কের সাথে একটি ভার্সুয়াল সাক্ষাৎকার নির্ধারণ করতে হবে। আপনি আপনার লাইসেন্স পাওয়ার পর, আপনি একজন বিবাহ পরিচালনাকারী খুঁজে বের করবেন যিনি আপনার নির্ধারিত কারাগারে আপনার বিবাহ সম্পন্ন করবেন।

আপনি কি বিবাহ বিচ্ছেদে আগ্রহী?

একজন পরামর্শদাতা বিবাহবিচ্ছেদের ক্ষেত্রে সহায়তা করতে পারেন না কারণ এটি একটি দেওয়ানি আইনি ইস্যু। আইন বা বিবাহবিচ্ছেদ প্রক্রিয়া শুরু করার বিষয়ে আরো প্রশ্নাবলীর জন্য, অনুগ্রহ করে ল লাইব্রেরিতে একজন আইনগত সমন্বয়কারীর সাথে কথা বলুন।

আপনার কি কোনো সক্রিয় ACS কেস আছে এবং সহায়তার প্রয়োজন?

যদি আপনি জানেন যে আপনার একটি আসন্ন ফ্যামিলি কোর্টের তারিখ আছে, তাহলে অনুগ্রহ করে আপনার ACS কেসওয়ার্কারের সাথে যোগাযোগ করুন এবং তাদেরকে কোর্টে যোগাযোগ করতে বলুন যাতে কোর্ট একটি হাজিরার আদেশ বা টেলিফোন আদেশ আপনার জেলের জেনারেল অফিসে পাঠায়। টেলিফোনের মাধ্যমে আমরা আদেশটি উপস্থাপন করার পর, আমরা আপনাকে আমাদের সমাজসেবার কার্যালয়ে সহায়তা করতে পারি।

আপনি কি আপনার সন্তানদের সাথে CHIPP সাক্ষাৎকার সম্পর্কে জানতে চান?

যদি আপনার কোনো সক্রিয় কেস থাকে, তাহলে একজন পরামর্শদাতা আপনাকে CHIPP কর্মসূচিতে রেফার করতে পারেন এবং আপনাকে একটি ফ্লায়ার দিতে পারেন যা কর্মসূচি সম্পর্কে আরো তথ্য প্রদান করে। পরিদর্শন মাসে সর্বোচ্চ 2 বার, মঙ্গলবারে অনুষ্ঠিত হয়।

আপনার সন্তানের সাথে পরিদর্শন-সংক্রান্ত অন্যান্য প্রশ্ন আছে কি?

যদি আপনার কোনো সক্রিয় ACS কেস না থাকে কিন্তু আপনি কারাগারে থাকাকালীন আপনার সন্তানদের দেখতে না পারা সম্পর্কে উদ্বেগে থাকেন, এবং এটি আপনার পরিবার বা প্রিয়জনের সাথে যোগাযোগের মাধ্যমে সমাধান করা সম্ভব না যায়, তাহলে আপনি কাস্টডি এবং সাক্ষাৎকারের অধিকার সম্পর্কিত একটি অনুরোধ পেশ করতে সক্ষম হতে পারেন। আদালতে আবেগ জমা দেওয়া সম্পর্কে আরো শিখতে অনুগ্রহ করে ল লাইব্রেরিতে যান।

স্বাস্থ্য

আপনি কি অবমুক্ত হচ্ছেন এবং আপনার কি চিকিৎসা বা মানসিক স্বাস্থ্য সম্পর্কে কথা বলা প্রয়োজন?

সংশোধনমূলক স্বাস্থ্য পরিষেবা (Correctional Health Services, CHS) এর মাধ্যমে ডিসচার্জের পরিকল্পনা সাধারণভাবে আপনার সাথে ডিসচার্জের পরিকল্পনা আলোচনা করার জন্য আপনাকে ডিসচার্জ করার তারিখের কাছাকাছি সময়ে দেখা যায়। প্রয়োজন হলে আপনার ইউনিটে একজন পরামর্শদাতা বা অফিসার একটি মানসিক স্বাস্থ্য রেফারেল সম্পূর্ণ করতে পারেন।

আপনার কি একজন মানসিক স্বাস্থ্য চিকিৎসকের সাথে দেখা করার প্রয়োজন?

যদি কোনো কারণে আপনাকে কোনো মানসিক স্বাস্থ্য চিকিৎসকের সাথে দেখা করতে হয়, তাহলে একজন পরামর্শদাতা বা আপনার ফ্লোর অফিসার সংশোধনমূলক স্বাস্থ্য পরিষেবা (CHS) কর্তৃক আপনাকে দেখানোর জন্য একটি মানসিক স্বাস্থ্য রেফারেল সম্পূর্ণ করতে সহায়তা করতে পারেন।

কর্মসূচি ও পরিষেবা

আপনি কি এখানে কোনো কর্মসূচিতে নথিভুক্ত হতে চান?

একজন পরামর্শদাতা আপনাকে একটি প্রোগ্রাম মেনু দিতে পারবেন, যাতে আপনি আপনার জেলে কোন প্রোগ্রামগুলো আছে তা দেখতে পারেন।

আপনি কি আপনার ধর্ম পরিবর্তন করতে চান?

একজন পরামর্শদাতা আপনার ধর্ম পরিবর্তন করতে পারেন না। আপনাকে আপনার কারাগারে অবস্থিত কোনো ধর্মযাজকের সাথে কথা বলতে হবে, অথবা সহায়তার অনুরোধ জানিয়ে অভিযোগ ফর্ম জমা দিতে পারেন।

আপনি কি স্কুলে নথিভুক্ত হতে চান?

আপনার বয়স কী 18-21 বছর? যদি হ্যাঁ হয়, তাহলে কোনো পরামর্শদাতা আপনার নামটি নেবেন এবং সেটিকে DOE স্কুলে নথিভুক্তের জন্য কোনো শিক্ষা বিশেষজ্ঞের কাছে দেওয়া হবে। আপনার বয়স যদি 22 বছরের অধিক হয়, তাহলেও আমরা আপনাকে স্কুলে রেফার করতে পারি, কিন্তু এর কোনো নিশ্চয়তা নেই যে আমরা আপনার কারাগারে কোনো ক্লাস পাবই। আপনি শিক্ষাগত উপাদানের জন্য আপনার ট্যাবলেট পর্যালোচনা করতে পারেন।

আপনি কি কোনো অভিযোগ জমা করতে চান?

আপনার আবাসন ইউনিটে এবং ল লাইব্রারিতে খালি ফর্ম উপলব্ধ আছে। অভিযোগ সমন্বয়কারীরা কমপক্ষে সপ্তাহে দুদিন কারাগার ঘুরে দেখে ফর্মগুলি উঠিয়ে নেন এবং বিতরণ করেন। আপনি ফর্ম পূরণ করার পর, আপনি সেটিকে অভিযোগ সমন্বয়কারীকে দিতে পারবেন অথবা এটিকে ড্রপ বক্সে জমা দিতে পারবেন (যদি সেই বক্সটি উপলব্ধ থাকে)। আপনি 311 নম্বরে কলও করতে পারেন।

আইনি সহায়তা

আপনার কি আইনি সহায়তা প্রয়োজন?

আপনার আইনি প্রশ্নগুলির বিষয়ে নির্দেশনার জন্য আপনি আপনার আইনজীবীর সাথে যোগাযোগ করতে পারেন। আইনি বিষয়ে নির্দেশনা চাইলে আপনি আইন গ্রন্থাগারেও যেতে পারেন।

আপনি কি লিগ্যাল এইড কর্তৃক প্রতিনিধিত্ব করছেন এবং আপনার আইনজীবীর সাথে কথা বলার প্রয়োজন?

প্রতিটি কারাগারে একজন লিগ্যাল এইড সোসাইটি আইন সহকারী নিযুক্ত আছেন যারা আপনাকে আপনার আইনজীবীর সাথে যোগাযোগ করতে সহায়তা করতে পারেন। আমরা আপনাকে এই টীমের সাথে সরাসরি যোগাযোগ করার জন্য লিগ্যাল এইড সোসাইটি হটলাইন দিতে পারি: 212-577-3530

আপনি কি আপনার ওয়েবক্রিম পেজের প্রিন্ট আউট করতে আগ্রহী?

আপনার পরামর্শদাতা অথবা কোনো আইনি সমন্বয়কারী আপনাকে আপনার ওয়েবক্রিম পেজের প্রিন্টআউট প্রদানে সহায়তা করতে পারে। "ওয়েবক্রিম" হল একটি সর্বজনীন ওয়েবসাইট যা নিউ ইয়র্কের ফৌজদারি মামলাগুলির ক্ষেত্রে ভবিষ্যতের শুনানির তারিখসহ তথ্য প্রদান করে।

আপনি কি প্যারোল মামলার অবস্থা সম্পর্কে জানতে আগ্রহী?

আপনার পরিস্থিতি অনুসারে, একজন পরামর্শদাতা আপনার পক্ষে প্যারোল এবং রিকারস আইল্যান্ড জুডিশিয়াল সেন্টার (Rikers Island Judicial Center, RDIC)-এর সাথে যোগাযোগ করতে পারেন। আপনার পরামর্শদাতা সম্ভবত জানতে পারেন প্যারোলের জন্য আপনার পরবর্তী আদালতের তারিখ কবে আছে, অথবা আপনার গ্রেপ্তারি পরোয়ানা প্রত্যাহারের অবস্থা কী।

আপনি কি নিজের মামলা নিজে লড়াচ্ছেন এবং আপনার মামলার ক্ষেত্রে সাহায্যের প্রয়োজন?

নিজের পক্ষ হিসাবে আপনার পরিস্থিতি আমাদেরকে সুনিশ্চিত করতে হবে। সম্মত হওয়ার পর সমাজসেবা আপনার এবং কমান্ডের মধ্যে সম্মত সময়সূচি অনুযায়ী টেলিফোন কল করে আপনাকে সহায়তা করতে পারে। ল লাইব্রেরিতে আইনি সমন্বয়কারীরা অন্যান্য সমস্ত আইনি বিষয়বস্তু বা আপনার প্রয়োজনীয় নথিগুলি দিয়ে আপনাকে সহায়তা করতে পারে।

টেলিফোন

আপনার কি একটি আসন্ন বাধ্যতামূলক কোর্ট কল আছে?

আপনার পরামর্শদাতা শুধুমাত্র কমান্ডের পক্ষ থেকে নিযুক্তির মাধ্যমে কোর্ট-নির্ধারিত কলগুলিতে সহায়তা করেন। কোর্ট নিজে অথবা আপনার আইনজীবীকে টেলিফোনের মাধ্যমে আপনার হাজিরার আদেশ বিভাগে পাঠাতে হবে। তারপর সহায়তা করার জন্য কারাগার আপনার পরামর্শদাতাকে নিযুক্ত করবে।

আপনার কি কাস্টডিতে কোনো সহ- আসামী আছে যার সাথে আপনি কথা বলতে চান?

আপনার পরামর্শদাতা আপনাকে সহায়তা করতে পারেন। প্রথম ধাপ হল আপনার অভিযোগের নম্বরগুলি মিলে যাচ্ছে কি না তা নিশ্চিত করা। এই প্রক্রিয়ার পরবর্তী ধাপ হলো আপনি এবং আপনার সহ-আসামী যাতে কথা বলতে পারেন তার জন্য উভয় উকিলের থেকে অনুমোদন নেওয়া। অনুমোদন পাওয়ার পর, আপনার কাউন্সেলর কমান্ডের সাথে সমন্বয় করে প্রতিষ্ঠানটির অনুমোদন নেবেন এবং এরপর একটি ভিডিও ভিজিটের ব্যবস্থা করবেন।

আপনি বধির বা কম শুনতে পান বলে টেলিফোন ব্যবহারে আপনার কি সহায়তার প্রয়োজন আছে?

আমরা TTY ফোন এবং/অথবা ভিডিও রিলে সার্ভিস (Video Relay Service, VRS) মেশিনের অ্যাক্সেস করার জন্য যুক্তিসঙ্গত বাসস্থান (Reasonable Accommodation, RA) এর অনুরোধ করার ক্ষেত্রে আপনার সাথে কাজ করব। আপনার RA এর অবস্থা নিশ্চিত হওয়ার পর, আপনি সমাজসেবা বা ট্যুর কমান্ডারের মাধ্যমে এই মেশিনগুলি অ্যাক্সেস করতে পারবেন।

আপনি কি অন্য কোনো ধরনের কল করতে চাইছেন?

আমরা আমাদের অফিস থেকে আপনার কোনো ব্যক্তিগত কল করার ক্ষেত্রে সহায়তা করতে পারব না। আপনি এই কলগুলি আপনার আবাসন ইউনিট থেকে বা আপনার ট্যাবলেটের মাধ্যমে করতে পারবেন। যদি অন্য কোনো ধরনের কল থাকে, যেমন আন্তর্জাতিক দূতাবাস যা আপনার আবাসন এলাকার মাধ্যমে করা যাবে না, তাহলে অনুগ্রহ করে আরো তথ্যের জন্য আপনার পরামর্শদাতার সাথে কথা বলুন।

পুনঃপ্রবেশ এবং ডিসচার্জ

জামিন সম্পর্কে কথা বলবেন?

আপনার কাছে থাকা যে কোনো স্ব-জামিনের অনুরোধ নিয়ে একজন ক্যাপটেইন আপনাকে সহায়তা করতে পারবেন। তারা আপনাকে ইনটেকে গিয়ে একটি কিওস্ক ব্যবহার করার প্রক্রিয়ায় সহায়তা করবে, যেখানে আপনি আপনার কমিসারি অ্যাকাউন্ট বা ডেবিট কার্ড ব্যবহার করে নগদ জামিন জমা দিতে পারবেন। জামিনের বন্ড সম্পর্কে আরো জানতে আমরা আপনাকে আপনার উকিলের সাথে কথা বলা বা ল লাইব্রেরিতে যাওয়ার পরামর্শ দিচ্ছি।

আপনি কি খুব শীঘ্রই ডিসচার্জ পাচ্ছেন আর কর্মসূচির তথ্য জানতে চাইছেন?

আমরা আপনাকে সম্প্রদায়ের কর্মসূচির তথ্য সহ একটি বিয়ন্ড দ্য ব্রিজ ব্রোশিওর ও একটি কমিউনিটি জাস্টিস নেটওয়ার্ক ফ্লায়ার দিতে পারি। একজন পরামর্শদাতা আপনার নাম এবং বই ও কেস # নিয়ে একজন সম্প্রদায়ের প্রদানকারীর কাছে রেফার করতে পারেন যাতে তারা আপনার সাথে একটি রূপান্তর প্রক্রিয়া সম্পূর্ণ করতে পারে।

আপনার ছেড়ে যাওয়ার সময় কি আপনার আবাসনের প্রয়োজন?

আমরা আপনার নাম ও তথ্য একজন সম্প্রদায়ের প্রদানকারীকে দেব যিনি আবাসন সংক্রান্ত বিভিন্ন সংস্থার মাধ্যমে উপলব্ধ সংস্থানগুলি সম্পর্কে আরো ভালো নির্দেশনা দিতে পারবেন। আপনার পরিস্থিতি অনুসারে একজন মানসিক স্বাস্থ্য সম্পর্কিত ডিসচার্জ প্ল্যানার আপনার আবাসন সংক্রান্ত অনুরোধের ক্ষেত্রেও সহায়তা করতে পারবেন।

আপনি কি আপনার আপস্টেটে চুল কাটানো নিয়ে চিন্তিত?

আপনি চুল কাটার জন্য অনুরোধপত্র জমা দেওয়ার কাগজপত্র পেতে ল লাইব্রেরিতে যেতে পারেন। আপনি নথিপত্র পূরণ করবেন, ল লাইব্রেরিতে কোনো আইনি সমন্বয়কারী দ্বারা নোটারি করাবেন, সেগুলিকে আপনার উকিলের কাছে পাঠাবেন, এবং আপনার উকিলের মাধ্যমে আদালতের কাছে অনুরোধপত্রটি জমা দেওয়াবেন। সাজা ঘোষণার আগেই এটি ঘটতে হবে।

অন্যান্য সহায়তা

আপনার কি শুধু কথা বলার জন্য কাউকে প্রয়োজন?

সংশোধনমূলক পরামর্শদাতা বা "সমাজসেবার কর্মীরা" এক সপ্তাহে কমপক্ষে একবার, এবং এক সপ্তাহে সর্বাধিক পাঁচ বার প্রতিটি আবাসন ইউনিট পরিদর্শন করেন। যখন তারা ইউনিটে থাকেন তখন অনুগ্রহ করে পরামর্শ করার জন্য তাদের কাছে যান বা পরবর্তী সময়ে তারা যখন ইউনিটে আসেন তখন একটি অ্যাপয়েন্টমেন্ট ঠিক করা সম্পর্কে তাদের সাথে কথা বলুন - বিশেষত যদি কোনো নির্দিষ্ট বিষয়ে আপনার সাহায্যের প্রয়োজন হয়। তারা বিষয়টি নিয়ে আপনার জন্য বিষয়বস্তু প্রস্তুত করতে পারে এবং সেই বিষয়বস্তুকে নিয়ে আসতে পারে।

আপনি কি LGBTQIA+সহায়তা চাইছেন?

আপনার প্রয়োজন বা অনুরোধের ভিত্তিতে আপনার পরামর্শদাতা নির্দিষ্ট রেফারেল বা সংস্থানের বিষয়ে সহায়তা করতে পারবেন। তারা LGBTQ+জামিনের তহবিল সংক্রান্ত তথ্য আপনাকে দিতে পারেন।

অতিরিক্ত সংস্থানসমূহ

আপনার পরামর্শদাতাকে নিম্নোক্তগুলির জন্য বলুন:

কর্মসূচির মেনু

আপনার কারাগারে উপলব্ধ কর্মসূচির বর্ণনা

বিয়ন্ড দ্য ব্রিজ ব্রোশিওর

কমিউনিটিতে পুনঃপ্রবেশ প্রদানকারীদের সংক্ষিপ্ত বিবরণ

সংযোগ বই

NYC-তে সমস্ত পুনঃপ্রবেশ সেবার সামগ্রিক বই

প্রাক্তন সৈনিকদের ইউনিটের পুস্তিকা

আপনি কি একজন প্রাক্তন সৈনিক? আপনার পরামর্শদাতা আপনাকে একটি পুস্তিকা দিতে পারেন যেটি প্রাক্তন সৈনিকদের ইউনিট এবং

উপলব্ধ সুবিধাগুলি সম্পর্কে আপনাকে জানায়।

তারা আপনাকে ইউনিটে ভর্তি হতে রেফারও করতে পারেন।

আপস্টেটে যাচ্ছেন?

আমরা আপনাকে কিছু সাধারণ তথ্য দিতে পারি, যাতে আপনি জানতে পারেন আপস্টেটে গেলে কী আশা করতে হবে এবং কোন কোন প্রোগ্রাম আপনার জন্য উপলব্ধ হতে পারে।

আপনার কি অতিরিক্ত প্রশ্নাবলী আছে যার উত্তরগুলি এখানে ছিল না?

**পরের বার আপনার সমাজসেবার
পরামর্শদাতা আপনার আবাসন ইউনিট
পরিদর্শন করতে আসলে তাদের সাথে
কথা বলুন।**

আপনি যদি এখনও আপনার পরামর্শদাতার সাথে দেখা না
করে থাকেন এবং কোনো প্রশ্ন থাকে, তাহলে আমাদের
হটলাইনে কল করুন + আপনার তথ্যসহ একটি ভয়েসমেইল
রাখুন #1011